চুয়াডাঙ্গার রাঙ্গিয়ারপোতায় ট্রাক্টরের চাকায় পিষ্ট হয়ে নিহত ১, আহত ১

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার রাঙ্গিয়ারপোতা গ্রামে ট্রাক্টরের চাকায় পিষ্ট হয়ে মটরসাইকেল চালক দর্শনা মোবারকপাড়ার নাদিম মাহমুদ (৩২) মর্মান্তিক মৃত্যু হয়েছে। অল্পের জন্য প্রানে বেঁচে গেছেন দর্শনা মোহাম্মদপুরের সুমন।

নাদিম মাহমুদ দর্শনা পৌরসভার মোবারকপাড়ার বজলু রহমানের ছেলে। গতকাল বৃহস্পতিবার বিকাল সাড়ে ৫ টার দিকে জীবননগর-আকন্দবাড়ীয়া সড়কের রাঙ্গিয়ারপোতা ঘোনা পাড়ায় সরকারী খালের মাটি বোঝায় ট্রাক্টরের নিচে পড়ে এ দুর্ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানায় চুয়াডাঙ্গা জেলার রাঙ্গিয়ারপোতা গ্রামে প্রতিদিন ২০/২৫ টি ট্রাক্টর ভিড়িয়ে সরকারী খালের মাটি চুরি করে ভাটায় বিক্রি করছে একটি চক্র।

ট্রাক্টরটি মাটি নিয়ে দর্শনা ঈশ্বরচন্দ্রপুর সুপার ভাটায় আসছিলো। মটরসাইকেল চালক একইদিক থেকে ট্রাক্টরকে ওভারটেক করতে গেলে ট্রাক্টরের নিচে পড়ে গুরুতর জখম হয়।

স্থানীয়রা তাদের উদ্ধার করে নাদিম মাহামুদকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যায়। পরে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের চিকিৎসক তাকে রাজশাহী রেফার্ড করে।

রাজশাহী নিয়ে যাওয়ার পথে আলমডাঙ্গা পৌছালে রাত সাড়ে ১০ টার দিকে তার মর্মান্তিক মৃত্য হয়। মৃত্যর খবর পেয়ে পরিবারে নেমে আসে শোকের মাতম। এ ঘটনায় দর্শনা পুলিশ মোটরসাইকেল ও মাটি বোঝায় ট্রাক্টর আটক করে থানায় নিয়ে আসে।

এ ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবির।

আলমডাঙ্গায় সিগনাল দিলেও থামেনি ট্রেন, প্রাণে বাঁচলেন রেল শ্রমিকরা, চালককে মারধর

আলমডাঙ্গার লালব্রিজে রেললাইন রক্ষণাবেক্ষণ করার সময় সিগনাল দেয়ার পরও মালবাহী ট্রেন না থামানোয় সহকারী চালককে মারপিটের ঘটনা ঘটেছে। এতে ২৫-৩০ জন শ্রমিক প্রাণে রক্ষা পেয়েছেন। আহত হয়েছে কয়েকজন শ্রমিক। ঘটনাটি বৃহস্পতিবার দুপুর ১ টার দিকে ঘটেছে। সহকারি চালকের মারধরের বিচারের দাবিতে প্রায় ১০ ঘন্টা মালবাহী ট্রেন অবস্থান নেয় লালব্রিজের উপর। ট্রেন চালককে মারপিটের ঘটনায় বিভাগী কর্মকর্তাদের উপস্থিতিতে শুরু হয় তদন্ত।

রেল সূত্রে জানাযায়, বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে দর্শনা বর্ডার হয়ে পাথর বোঝাই ট্রেন সিরাজগঞ্জ যাচ্ছিলো। এদিকে, সকাল থেকে আলমডাঙ্গা লালব্রিজের উপরে রেললাইন সংস্কারের কাজ করছিলো ২৫-৩০ জন রেল শ্রমিক। সংস্কারের জায়গা থেকে প্রায় ৪শ মিটার দুরে লাল ফ্লাগ তুলে রাখে রেল শ্রমিকেরা। দুপুর ১ টার দিকে ওই পাথর বোঝাই ট্রেন আলমডাঙ্গা স্টেশন ক্রস করলে লাল ফ্লাগ তুলে ট্রেনটিকে থামানোর চেস্টা করে। রেল শ্রমিকেরা ব্যর্থ হলে ট্রেনটি লালব্রিজের নিকট আরেকটি ফ্লাগ ভেঙে ব্রিজে প্রবেশ করে।

আতঙ্কে ব্রিজ থেকে শ্রমিকেরা লাফ দেয়।কেউ কেউ ব্রিজে ঝুলে পড়ে। শ্রমিকদের চিৎকারে ও সামনে রেললাইন সংস্কারের ট্রলি দেখে থেমে যায় মালবাহী ট্রেনটি। এসময় উত্তেজিত হয়ে ট্রেন চালক প্রধান আমিনুল ইসলাম ও সহকারি জোনায়েদ সিদ্দিককে মারপিট করে। এতে, চালক দুজন আহত হয়। খবর পেয়ে পাঁকশি বিভাগীয় প্রতিনিধি টিম আলমডাঙ্গা লালব্রিজের নিকট পৌছায়। শুরু হয় তদন্ত। এসময় উপস্থিত হয় পাঁকশি জোনের ডিআরএন, ডিএন ওয়ান, চুয়াডাঙ্গার এ.ই.এন ও এস.এস.ও.ই।

দীর্ঘ সময় ধরে তদন্ত কার্যক্রম চালায় রেলওয়ে কর্তৃপক্ষ। খুলনা থেকে ঢাকা মুখি রেললাইন বন্ধ থাকলেও বিপরীত মুখি লাইন দিয়ে যোগাযোগ সচল রাখে আলমডাঙ্গা রেলওয়ে স্টেশন মাস্টার।

আলমডাঙ্গার স্টেশন মাস্টার তৌহিদুল ইসলাম টোকন বলেন, ২৫-৩০ জন শ্রমিক লাইনে কাজ করছিল। এসময় লাল পতাকা দিয়ে সংকেত দিলেও মাল ট্রেনটি থামায়নি চালক। পরে লালব্রিজের উপর শ্রমিকরা প্রাণ বাচাতে যে যার মত ঝাপ দেয় নিচে। এতে আহত হয় কয়েকজন শ্রমিক। পরে শ্রমিকরা উত্তেজিত হয়ে ট্রেন চালককে মারধর করে। পরে চালক তার মারধরের বিচার না হওয়া পর্যন্ত মালট্রেন থামিয়ে রাখে।

তিনি আরও বলেন, ট্রেন চলাচল বন্ধ হয়নি। ওই মালট্রেনবাহী ট্রেন ডাউন লাইনে রয়েছে। অপর লাইন থেকে ট্রেন চলাচল করছে। সন্ধার সাড়ে ৯ টায় ট্রেনটি সিরাজগঞ্জের উদ্দেশ্যে ছেড়ে যায়।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, সংকেত দিলেও ট্রেন চালক থামেনি। চালক ঘুমাচ্ছিল। পরে প্রাণ রক্ষাতে ব্রিজের উপর থেকে লাফ দেয় শ্রমিকরা। বিস্তারিত জানতে ঘটনাস্থলে পুলিশের টিম পাঠানো হয়েছে।

কুষ্টিয়ায় ট্রাকের ধাক্কায় ভ্যানচালক নিহত

কুষ্টিয়ায় ‘বেপরোয়া গতির’ ট্রাকের ধাক্কায় শাহেদ আলী নামে এক ভ্যানচালক নিহত হয়েছেন। বৃহস্পতিবার সকাল সোয়া ১০ টার দিকে কুষ্টিয়া-ঝিনাইদহ মহাসড়কের বটতৈল এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত শাহেদ আলী জেলার কুমারখালী উপজেলার মহেন্দ্রপুর গ্রামের চাঁদ আলীর ছেলে।

কুষ্টিয়া হাইওয়ে পুলিশের ওসি ইদ্রিস আলী ঘটনার সত্যতা স্বীকার করে জানান, সকালে শাহেদ আলী একটি মুরগি বোঝাই ভ্যান নিয়ে কুষ্টিয়া শহরের দিকে আসছিলেন।

পথে বটতৈল নামক স্থানের জিএসএম ইন্টারন্যাশনাল লিমিটেড এর সামনে এসে পৌঁছালে একটি বেপরোয়া গতির ট্রাক পেছন থেকে শাহেদ আলীকে চাপা দিলে ঘটনাস্থলেই তিনি মারা যান।

দুর্ঘটনার পর ট্রাকের চালক ও হেলপার পালিয়ে গেলেও ট্রাকটি পুলিশ হেফাজতে নিয়েছে । নিহতের মরদেহ ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে।

কোটচাঁদপুরে নব-নির্বাচিত নেতৃবৃন্দের সংবর্ধনা ও স্থানীয় বিএনপি’র পরিচিতি সভা অনুষ্ঠিত

কোটচাাঁদপুর জেলা বিএনপি’র নব-নির্বাচিত নেতৃবৃন্দের সংবর্ধনা দিয়েছেন কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপি’র। বৃহস্পতিবার বিকালে উপজেলা বিএনপির কার্যালয়ে এ সংবর্ধনা দেওয়া হয়।

সংবর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কোটচাঁদপুর পৌর বিএনপির ও সাবেক মেয়র এ এস কে এম সালাউদ্দিন বুলবুল সিডল। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা বিএনপির সভাপতি এ্যাড এম এ মজিদ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাধারন সম্পাদক মোঃ জাহিদুজ্জামান মনা, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক মোঃ সাজেদুর রহমান পপ্পু,সাবেক সহসভাপতি মোঃ আবু বক্কর বিশ্বাস, কোটচাঁদপুর উপজেলা বিএনপির সভাপতি মোঃ আব্দুর রাজ্জাক, মহেশপুর উপজেলা বিএনপির সভাপতি মোঃ মেহেদী হাসান রনি,মহেশপুর উপজেলা বিএনপির সাধারন সম্পাদক মোঃ দবির উদ্দিন বিশ্বাস, মহেশপুর পৌর বিএনপির সভাপতি মোঃ আমিরুল ইসলাম খান চুন্নু কোটচাঁদপুর পৌর বিএনপির সাধারন সম্পাদক মোঃ আবুল কাশেম, কোটচাঁদপুর পৌর সাংগঠনিক সম্পাদক মির্জা টিপু।

এ ছাড়া উপস্হিত ছিলেন সাবেক উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও এলাঙ্গী ইউনিয়ন বিএনপি’র সভাপতি মোঃ ইকরামুল হক, উপজেলা বিএনপির সহ-সভাপতি সাইফুর রহমান, উপজেলা বিএনপি’র দপ্তর সম্পাদক শহিদুল

ইসলাম, সাফদারপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি ফরিদ আহম্মেদ, বলুহর ইউনিয়ন বিএনপি’র সভাপতি আশরাফ আলী, দোড়া ইউনিয়ন বিএনপি’র সভাপতি মিজানুর রহমান শান্টু, উপজেলা যুবদল নেতা আশরাফুজ্জামান খাঁন মুকুল, প্রমূখ। এ অনুষ্ঠানে কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপির নেতৃবৃন্দের পরিচিতি সভা করা হয়। সার্বিক অনুষ্ঠান পরিচালনা করেন কোটচাঁদপুর উপজেলা বিএনপির সাধারন সম্পাদক মোঃ লিয়াকত আলী।

মেহেরপুর জেলা ছাত্রলীগ ও সাবেক ছাত্র নেতাদের নৌকা সমর্থনে গণসংযোগ

মেহেরপুরে ব্যাপক গণসংযোগ চালালেন ছাত্রলীগ ও সাবেক ছাত্রলীগ নেতৃবৃন্দ। মেহেরপুর পৌরসভার দলীয় মেয়র প্রার্থী মাহফুজুর রহমান রিটনের পক্ষে গণসংযোগ, লিফলেট বিতরণ ও ভোটারদের কাছে ভোট চাইলেন জেলা ছাত্রলীগের নেতৃবৃন্দ।

বৃহস্পতিবার মেহেরপুর শহরের প্রধান প্রধান সড়ক কোট, হোটেল বাজার ও বড়বাজার এলাকায় বিকাল থেকে সন্ধ্যা পর্যন্ত এ গণসংযোগ চালান তারা।

মেহেরপুর জেলা ছাত্র লীগের সভাপতি আব্দুস সালাম বাঁধনের নেতৃত্বে জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল মান্নান, জেলা স্বেচ্ছাসেবক লীগ আহবায়ক আরিফুল এনাম বকুল, সাবেক ছাত্রনেতা ও জেলা যুবলীগের সাবেক সভাপতি সাজ্জাদুল আনাম, জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি সাফওয়ান আহমেদ রূপক, বারিকুল ইসলাম লিজন, জেলা ছাত্রলীগের সহ সভাপতি দুলাল মাহমুদ, জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা, সদর উপজেলা ছাত্রলীগের সভাপতি খন্দকার জুলকারনাইন বায়োজিদ, মেহেরপুর সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি আদিব হোসেন আসিফ, সাধারণ সম্পাদক কুতুবউদ্দিনসহ অন্যান্য নেতৃবৃন্দ ব্যাপক গণসংযোগ চালান।

এসময় তারা নৌকা মার্কায় ভোট চান এবং লিফলেট বিতরণ করেন।

চুয়াডাঙ্গায় গলায় ফাঁস লাগিয়ে দুই যুবতীর আত্মহত্যা

চুয়াডাঙ্গা সদর উপজেলার খাড়াগোদা ও তিতুদহ মাছপাড়া গ্রামে গলাই ফাঁস লাগিয়ে দুই যুবতী আত্মহত্যা করছে।

বুধবার সকাল ৮ টার দিকে চুয়াডাঙ্গা সদর উপজেলার খাড়াগোদা বাজার পাড়ার বন্যা (২৩) স্বামী শ্রী কৃষ্ণনোর সাথে অভিমান করে নিজ শোয়ার কক্ষে আড়ার সাথে গলায় ওড়না পেঁচিয়ে আত্মহত্যা করে। তাকে ঘরের দরজা ভেঙ্গে ঝুলন্ত লাশ উদ্ধার করে এলাকাবাসি।

এর ২ ঘন্টার ব্যবধানে তিতুদহ ইউনিয়নের তিতুদহ মাছপাড়ার তোফায়েল আহম্মেদের স্ত্রী কবিতা খাতুন (২০) পারিবারিক কলহের জের ধরে ও স্বামীর উপরে অভিমান করে নিজ ঘরের আড়ার সাথে গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করে।

পরে স্থানীয়রা উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে আসলে কর্তব্য চিকিৎসক তাকে মৃত ঘোষনা করে। এ ঘটনায় দর্শনা থানার ওসি এ এইচ এম লুৎফুল কবির এ ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

চুয়াডাঙ্গায় লিড বাংলাদেশ প্রকল্পের যুবদের মতবিনিময় সভা

যে কোনও দেশের যুব সমাজ সেই দেশের সবচেয়ে বড় শক্তি। যুবসমাজই একটি আর্থ-সামাজিক উন্নয়নের মূল চালিকাশক্তি। তারই ধারাবাহিকতায় চুয়াডাঙ্গায় লিড বাংলাদেশ প্রকল্পের যুবদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বেলা সাড়ে বারোটার সময় চুয়াডাঙ্গা যুব উন্নয়ন অধিদপ্তরের

উপ-পরিচালক মোঃ মাসুম আহমেদ এর সাথে সৌজন্যে সাক্ষাৎ ও মতবিনিময় সভা করেন লিড বাংলাদেশ প্রকল্পের ১৫ জন সামাজিক ব্যবসায় উদ্যোক্তা।

ব্রিটিশ কাউন্সিলের আওতাধীন ওয়েভ ফাউন্ডেশনের সহযোগিতার চুয়াডাঙ্গায় যুব নেতৃত্ব ও যুব উদ্যোক্তাদের সামনের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য এরই মধ্যে চুয়াডাঙ্গায় জেলায় মোট ৫০০ জন যুবকদের যুব নেতৃত্ব ও যুব উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্য প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

চুয়াডাঙ্গা ওয়েভ ফাউন্ডেশন এঁর পক্ষে উপস্থিত ছিলেন লিড বাংলাদেশ প্রকল্পের সমন্বয়কারী শরিফুল আলম ও প্রকল্প অফিসার মাসুদুর রহমান।

এ সময় শরিফুল আলম বলেন মুলত বিপুল সম্ভাবনা নিয়ে বাংলাদেশের যুবসমাজকে দক্ষ আধুনিক বিজ্ঞানমনষ্ক সুনাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে বাংলাদেশ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীন যুব উন্নয়ন অধিদপ্তর যুবসমাজকে আত্মকর্মসংস্থানের লক্ষ্যে কাজ করছে। যুব উন্নয়নের বিভিন্ন সেবা ও নিজেদেরকে কিভাবে উদ্যোক্তা তৈরি করা যায় এই প্রসঙ্গে মূলত এই মতবিনিময় সভা করা হয়।

গাংনীতে ৯ বছর বয়সী শিশুকে ধর্ষণের চেষ্টা চালালো চল্লিশোর্ধ খলিল

৯ বছর বয়সী শিশুকে ধর্ষণের চেষ্টা চালালো চলিশোর্ধ বয়সী খলিলুর রহমান। এঘটনায় স্থানীয় জনতা তাকে হাতে নাতে আটক করে উত্তম মাধ্যম শেষে তুলে দিলেন পুলিশে।

ঘটনাটি ঘটেছে মেহেরপুরের গাংনী উপজেলার হাড়িয়াদহ গ্রামের দক্ষিণপাড়া এলাকায় বুধবার সকাল সাড়ে ৯ টার দিকে।

আটক খলিলুর রহমান (৪৬) হাড়িয়াদহ গ্রামের দক্ষিণপাড়া এলাকার মৃত

পাতান শেখের ছেলে। পেশায় সে আইসক্রিম বিক্রেতা।

এঘটনায় শিশুটির মা বাদী হয়ে খলিলুর রহমানের নামে ধর্ষণ চেষ্টার অভিযোগ এনে একটি মামলা দায়ের করেছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান ৯৯৯ নাইনের কল পেয়ে খলিলুর রহমানকে উদ্ধার করে থানায় নেয়া হয়। আটক খলিলুর রহমানকে থানায় এনে জিজ্ঞাসাবাদ করা হয়েছে। প্রাথমিক জিজ্ঞাসাবাদে সে তার অপরাধ স্বীকার করেছে।

স্থানীয়রা জানান, ওই শিশুটিকে আইসক্রিম খেতে দেওয়ার নাম করে তার বাড়িতে ডেকে নেন খলিল। পরে বাড়ির পায়খানার মধ্যে নিয়ে ধর্ষণের চেষ্টা চালান। শিশুটি চিৎকার দিলে প্রতিবেশীরা ছুটে গিয়ে তাকে উদ্ধার করে। এসময় খলিলকে আটক করে একটি ঘরে আটকিয়ে রেখে ৯৯৯ ফোন দেন।

পরে দুপুরের দিকে গাংনী থানা পুলিশ হাড়িয়াদহ গ্রামে গিয়ে তাকে পুলিশ হেফাজতে নেন। শিশুটিকে উদ্ধার করে মেডিকেল টেষ্ট করার জন্য মেহেরপুর জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে।

শৈলকুপায় কৃষি আবহাওয়া তথ্য বিস্তার শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

ঝিনাইদহের শৈলকুপায় দিনব্যাপী কৃষি আবহাওয়া তথ্য বিস্তার শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। উপজেলা কৃষি অফিস মিলনায়তনে বুধবার বেলা ১০টায় অনুষ্ঠিত এ সেমিনারে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা কৃষি প্রশিক্ষন কর্মকর্তা বিজয় কৃষ্ণ হালদার, উপজেলা নির্বাহী কর্মকর্তা কানিজ ফাতেমা লিজা, উপজেলা পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিলুফা ইয়াসমিন, ভাইস চেয়ারম্যান জাহিদুন্নবি কালু, ও উপজেলার বিভিন্ন এলাকা থেকে আসা কৃষকরা।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা কৃষি কর্মকর্তা (ভারপ্রাপ্ত) আবুল হাসনাত।

পরে এক আলোচনা সভায় বক্তারা, কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের নানা বিষয়ে আলোচনা করেন। এবং মৌসুমি ফসল উৎপাদনের বিষয়ে কৃষকদের উদ্বুদ্ধ করেন।

ঝিনাইদহে ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন উপলক্ষে সাংবাদিকদের অবহিতকরণ সভা

ঝিনাইদহে জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন উপলক্ষে সাংবাদিকদের সাথে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার বেলা ১২ টায় সিভিল সার্জনের সম্মেলন কক্ষে আয়োজন করে।

এসময় উপস্থিত ছিলেন ঝিনাইদহ সিভিল সার্জন ডা. শুভ্রা রানী দেবনাথ, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান ও সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপুসহ গণমাধ্যম কর্মীরা।

অবহিত করণ সভায় বক্তারা বলেন, ভিটামিন ‘এ’ শিশুর সুস্থভাবে বেঁচে থাকা, স্বাভাবিক বৃদ্ধি, দৃষ্টিশক্তি ও রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধির জন্য অন্যতম গুরুত্বপূর্ণ এক অনুপুষ্টি।

আগামী ১২ থেকে ১৫ জুন পর্যন্ত জেলার ৬টি উপজেলায় ১হাজার ৮শ একাত্তরটি কেন্দ্রের মাধ্যমে ৬মাস হতে ৫৯ মাস বয়সের মোট ২ লাখ ২৮ হাজার ৩ শত ৩৮ জন শিশুকে ভিটামিন ‘এ’ ক্যাপসুল খাওয়ানো হবে বলে জানানো হয়।